# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 02-02-2025** **Time: 7-50 P.M.**

---

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) বানতলার চর্মনগরীতে নিকাশি নালা পরিষ্কার করতে নেমে তিন শ্রমিকের মৃত্যু হয়েছে। নিকটাত্মীয়কে ১০ লক্ষ টাকা অর্থ সহায়তা দেওয়া হবে বলে জানিয়েছে সরকার।

২) দুর্গাপুরেও ডিপিএল-এর ওয়াগন থেকে কয়লা নামাতে গিয়ে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে এক শ্রমিকের মৃত্যু।

৩) রাজ্যপাল সি ভি আনন্দ বোস বলেছেন, কেন্দ্রীয় বাজেট ভারসাম্যপূর্ণ, বিকশিত ভারত গঠনের লক্ষ্যে প্রথম পদক্ষেপ।

৪) আর জি কর মেডিকেল কলেজে তরুণী চিকিৎসক ধর্ষণ ও খুনের ঘটনায় হাইকোর্টে পুনরায় বিচারের আবেদন জানাবে নির্যাতিতার পরিবার।

৫) আজ বসন্ত পঞ্চমী। শিক্ষা প্রতিষ্ঠানের পাশাপাশি ঘরে ঘরে চলেছে বাগদেবীর আরাধনা।

৬) পশ্চিমী ঝঞ্ঝা ও ঘূর্ণাবর্ত কাটিয়ে আগামী দু তিন দিন তাপমাত্রার পারদ কিছুটা নিম্নমুখী থাকবে বলে পূর্বাভাস আবাহাওয়া দপ্তরের।

------------------------------------------------------------------------------------------

দক্ষিণ ২৪ পরগণার বানতলার চর্মনগরীতে নিকাশি নালা পরিষ্কার করতে নেমে তিন শ্রমিকের মর্মান্তিক মৃত্যু হয়েছে। এলাকাটি লেদার কমপ্লেক্স থানার অন্তর্গত। জানা গেছে, ট্যানারিতে চামড়া ধোয়ার রাসায়নিক মিশ্রিত জল ট্যাঙ্কের ভিতরে জমে ছিল। কেএমডিএর একটি ঠিকা সংস্থার এক শ্রমিক প্রথমে ম্যানহোলে কাজে নামেন। তিনি উঠে আসছেন না দেখে আরও দুই শ্রমিক সেখানে নামলে তাদের আর কোনো খোঁজ মিলছিল না। ঐ শ্রমিকদের মধ্যে হাসি শেখ ও ফার্জেম শেখ মুর্শিদাবাদের এবং সুমন সর্দার উত্তর ২৪ পরগণার ন্যাজাটের বাসিন্দা। কলকাতা পুলিশ, দমকল বাহিনী এবং বিপর্যয় মোকাবিলা বাহিনীর দল খবর পেয়ে ঘটনাস্থলে যায়। নামানো হয় ডুবুরি। দীর্ঘ চার ঘন্টার চেষ্টায় দুপুর দেড়টা নাগাদ একে একে তিনজনকে সংজ্ঞাহীন অবস্থায় উদ্ধার করে হাসপাতালে নিয়ে যাওয়া হলে তাদের মৃত বলে ঘোষণা করা হয়। রায়াসায়নিক মিশ্রিত জল ও গ্যাসের কারণে শ্বাসকষ্ট জনিত সমস্যায় সকলের মৃত্যু বলে প্রাথমিকভাবে অনুমান করা হচ্ছে।

এব্যাপারে ঠিকাদার সংস্থার দিকে অভিযোগের আঙুল উঠেছে। স্থানীয় বাসিন্দারা জানিয়েছেন, দীর্ঘদিন ধরেই ট্যাঙ্কটি অপরিষ্কার অবস্থায় ছিল।

বড় নিকাশি নালা মূলত যন্ত্রের সাহায্যে সাফাই করা হলেও এক্ষেত্রে শ্রমিক সুরক্ষায় কেন উপযুক্ত ব্যবস্থা নেওয়া হয়নি, সেই প্রশ্ন তুলেছেন রাজ্যের পুর মন্ত্রী তথা কলকাতার মেয়র ফিরহাদ হাকিম। আজ দুর্ঘটনার খবর পেয়ে তিনি ঘটনাস্থলে যান। উপযুক্ত তদন্ত করে দোষীদের সাজা দেওয়া হবে বলেও জানিয়েছেন ফিরহাদ হাকিম। অর্থ সহায়তা বাবদ নিহতদের নিকটাত্মীয়কে ১০ লক্ষ টাকা দেওয়া হবে বলেও জানান মন্ত্রী।

বাইট ফিরহাদ

কয়েক দিন আগেই সুপ্রিম কোর্ট কলকাতা সহ দেশের ৬ টি শহরে ম্যানহোলের মানুষ নামানোর বিষয়ে কড়া নিষেধাজ্ঞা জারি করেছিল।

রাজ্য সরকার কথায় কথায় উত্তরপ্রদেশের দিকে আঙুল তুললেও এরাজ্যে দুর্ঘটনা রোধে কোনো পদক্ষেপ নেয় না বলে অভিযোগ করেছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।

বাইট শুভেন্দু

মানবাধিকার সংগঠন এপিডিআর-এর সাধারণ সম্পাদক রঞ্জিত শূর বলেছেন, সুপ্রিম কোর্টের নিষেধাজ্ঞা সত্ত্বেও রাজ্যের বিভিন্ন প্রান্তে ম্যানহোল পরিষ্কারের কাজে মানুষকে নামানো হচ্ছে। তিনি পরিবারগুলির জন্য উপযুক্ত ক্ষতিপূরণের দাবি জানিয়েছেন।

বাইট রঞ্জিত শূর

-----------------------------------------

এদিকে, দুর্গাপুর প্রোজেক্টস লিমিটেড - ডিপিএল এর ওয়াগন থেকে কয়লা নামাতে গিয়ে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে আজ এক ঠিকা শ্রমিকের মৃত্যু হয়েছে। আশঙ্কজনক আরও এক। নিহত বছর ৫২-র পৃথো টুডু দুর্গাপুরের ৩১ নম্বর ওয়ার্ডের নুনিয়াপাড়ার বাসিন্দা। ডিপিএল-এর সাত নম্বর ইউনিটের কোল হ্যান্ডেলিং প্ল্যান্টের ওয়াগনে উঠে কয়লা নামানোর সময় কোনোভাবে বিদ্যত্‍ বাহী তারের সংস্পর্শে আসেন তিনি। অপর শ্রমিক ছিটকে নীচে পড়ে যান। তাকেও হাসপাতালে ভর্তি করা হয়েছে।

এই ঘটনার পরই এলাকায় বিক্ষোভ দেখান শ্রমিকরা। উপযুক্ত ক্ষতিপূরণের দাবিও জানানো হয়েছে।

-------------------------------------

রাজ্যপাল সি ভি আনন্দ বোস বলেছেন, কেন্দ্রীয় বাজেট ভারসাম্যপূর্ণ, বিকশিত ভারত গঠনের লক্ষ্যে প্রথম পদক্ষেপ। আজ এক বার্তায় রাজ্যপাল বলেন, এই বাজেট সমগ্র ভারতের জন্য নিবেদিত এবং দেশের আত্মা এতে প্রতিফলিত হয়েছে। এবারের বাজেটকে তিনি উচ্চাকাঙ্খী রূপান্তরমূলক ভারতের প্রতীক বলেও উল্লেখ করেছেন।

-------------------------------------

এবারের কেন্দ্রীয় বাজেট নিয়ে সাধারণ মানুষের মধ্যে মিশ্র প্রতিক্রিয়া দেখা গেছে। আয়কর সংক্রান্ত ঘোষণায় সাধারণ চাকুরিজীবীরা উপকৃত হবেন বলে বেসরকারি সংস্থায় কর্মরত পলাশ কুমার সাঁই জানালেন,

বাইট

-------------------------------------

চলতি দুয়ারে সরকার কর্মসূচিতে গতকাল আবেদন গ্রহণের শেষ দিন পর্যন্ত রাজ্যজুড়ে এক কোটি পাঁচ লক্ষের বেশি শিবিরে এক কোটি সাত লক্ষ মানুষ এসেছেন বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি জানিয়েছেন। আজ সামাজিক মাধ্যমে এক পোস্টে মুখ্যমন্ত্রী বলেন, এই শিবির গুলিতে ৭৬ লক্ষ নতুন আবেদন জমা পড়েছে। এর মধ্যে ৫০ শতাংশ আবেদন খতিয়ে দেখে আঠাশে ফেব্রুয়ারির মধ্যে তার সুবিধা উপভোক্তাদের কাছে পৌঁছে দিতে সংশ্লিষ্ট দপ্তরে পাঠানো হয়েছে বলেও মুখ্যমন্ত্রী উল্লেখ করেছেন।

-------------------------------------

কলকাতা আর জি কর মেডিকেল কলেজে তরুণী চিকিৎসকের ধর্ষণ ও খুনের ঘটনায় হাইকোর্টে পুনরায় বিচারের আবেদন জানাবে নির্যাতিতার পরিবার। আজ মালদায় সাংবাদিকদের কাছে তাঁরা বলেন, ঐ ঘটনায় সঞ্জয় রায় একা জড়িত নয়। ঘটনার দিন চারজন জুনিয়ার ডাক্তার সেখানে ছিলেন। তারাও জড়িত কিনা, সেই প্রশ্নও তুলেছে পরিবারটি।

আমাদের জেলা সংবাদদাতা জানিয়েছেন, মামলার বিষয়ে কথাবার্তা বলতে নির্যাতিতার পরিবার মালদায় এক আইনজীবীর সঙ্গে যোগাযোগ করেছেন।

-------------------------------------

নৈহাটিতে তৃণমূল কংগ্রেস কর্মী সন্তোষ যাদবের হত্যার পর বিজেপি পার্টি অফিস ও কর্মীদের বাড়ি ভাঙচুরের অভিযোগ ওঠায় দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার আজ নৈহাটির গৌরিপুরে যান। তিনজন দলীয় কর্মীর ক্ষতিগ্রস্ত বাড়ি দেখার পর পার্টি অফিসটিও পরিদর্শন করেছেন তিনি। সাংবাদিকদের কাছে সুকান্ত বাবু বলেন, ভয়ের পরিবেশ তৈরি করে এলাকা দখলের জন্য তৃণমূল কংগ্রেস ভাঙচুর চালিয়েছে।

-------------------------------------

আজ শ্রীপঞ্চমী তথা বসন্ত পঞ্চমী। পঞ্চমী তিথিতে হয়, জ্ঞান ও বিদ্যার অধিষ্ঠাত্রী দেবী সরস্বতীর আরাধনা। একটি প্রতিবেদন -

ভয়েসকাস্ট

-------------------------------------

হাইকোর্টের নির্দেশে যোগেশ চন্দ্র চৌধুরী কলেজে পুলিশি নিরাপত্তায় সরস্বতী বন্দনা চলেছে। আজ দুপুরে শিক্ষা মন্ত্রী ব্রাত্য বসু এবং তৃণমূল সাংসদ মালা রায় সেখানে পৌঁছতেই ক্ষোভে ফেটে পড়েন পড়ুয়ারা। ওঠে উই ওয়ান্ট জাস্টিস স্লোগান। পড়ুয়াদের অভিযোগ, চক্রান্ত করে তাদের ক্যাম্পাসে পুজো করতে দেওয়া হয়নি। প্রতিদিন নানাভাবে হুমিকও দেওয়া হয়েছে। পরে বিক্ষুব্ধ পড়ুয়াদের সঙ্গে শিক্ষামন্ত্রী আলাদা করে কথা বলেছেন।

-------------------------------------

সরস্বতী প্রতিমা বিসর্জনের জন্য পূর্ব রেলের শিয়ালদা ডিভিশন আগামীকাল থেকে আগামী ৫ ফেব্রুয়ারি পর্যন্ত প্রতিদিন বিকেল চারটে থেকে পরদিন ভোর পাঁচটা পর্যন্ত চক্র রেল চলাচলে নিয়ন্ত্রণ করার সিদ্ধান্ত নিয়েছে।

-------------------------------------

শতাধিক মতুয়া ধর্মাবলম্বী ভারতে নাগরিকত্ব পেয়েছেন। অন্যদেরও এই শংসাপত্র দেওয়ার প্রক্রিয়া চলছে বলে কেন্দ্রীয় মন্ত্রী তথা মতুয়া মহাসংঘের সংঘাধিপতি শান্তনু ঠাকুর জানিয়েছেন। আজ সল্টলেকের ইজেডসিসি-তে জাতীয় মতুয়া ধর্ম চিন্তন শিবিরে যোগ দিয়ে তিনি একথা বলেন। মতুয়াদের মধ্যে বিভাজন বন্ধ করে আরও সংগঠিত হওয়ার বার্তা দিয়েছেন তিনি। শীঘ্রই ঠাকুরনগরের ঠাকুরবাড়িতে দ্বাদশ পাগলের একটি মন্দির করা হবে বলে তিনি জানান।

-------------------------------------

বঙ্গোপসাগর থেকে বাতাসের নিম্ন স্তরে জলীয় বাষ্প প্রবেশের কারণে আকাশ মেঘাচ্ছন্ন। রয়েছে কুয়াশার প্রাবল্য। তবে আগামী দু-তিন দিন তাপমাত্রা একটু কমবে

বলে আলিপুর আবহাওয়া দপ্তর সূত্রে জানানো হয়েছে। আলিপুর আবহাওয়া দপ্তরের অধিকর্তা হবিবুর রহমান বিশ্বাস আকাশবাণীকে জানালেন,

বাইট

-------------------------------------

উত্তরাখণ্ডের দেরাদুনে আজ জাতীয় গেমসে বাংলা একটি স্বর্ণপদক জয় করেছে। মহিলাদের সাঁতারে ১০০ মিটার ব্যাকস্ট্রোকে সুবৃতি মন্ডল সোনা জিতেছেন।

-------------------------------------   -------------------------------------